কিন্তু প্রশ্ন হল, মাননীয় রাষ্ট্রপতি মহাশয় যে সমাজের লোক, সেই সমাজেই মেয়েরা সর্বাপেক্ষা বেশি নির্যাতিত। অথচ তিনি এ ব্যাপারে একটি শব্দও উচ্চারণ করেছেন বলে শোনা যায়নি। আরও আশ্চর্যের ব্যাপার হল কিছু দিন আগে সর্বোচ্চ আদালতের বিচারপতিরা সারা দেশে এক এবং অভিন্ন দেওয়ানী বিধি চালু করার সুপারিশ করেন। এ ব্যাপারে কোন সন্দেহের অবকাশ নেই যে, সারা দেশে সব সমাজের জন্য অভিন্ন দেওয়ানী বিধি চালু হলে মুসলীম সমাজের মেয়েরা অনেক রকম নির্যাতনের হাত থেকেই রক্ষা পেয়ে যাবেন। কারণ মুসলমান পুরুষরা তখন বহু বিবাহ এবং তিনবার তালাক বলে বিবাহ বিচ্ছেদের সুযোগ পাবে না। খুব সম্ভবত এই কারণেই মুসলমান সমাজের হর্তাকর্তারা অভিন্ন দেওয়ানী বিধির প্রবল বিরোধিতা করে। **কিন্তু সেই বাদানুবাদের সময় মাননীয় রাষ্ট্রপতি মহাশয় টুশব্দ না করে আশ্চর্যজনকভাবে নীরব থাকেন। মুসলমান মেয়েরা ন্যায্য নাগরিক অধিকার পাক, তা যদি তিনি মনে প্রাণে চাইতেন, তবে তাঁর পক্ষে নীরবে থাকা হয়তো সম্ভব হত না। উপরন্তু, নীরব থেকে প্রকারান্তরে মোল্লা-মৌলভীদের মতকেই তিনি পরোক্ষভাবে সমর্থন করেছেন।**

বাদশা আকবর নিরক্ষর ছিলেন। তাই তাঁর পক্ষে বিভিন্ন ধর্মের গ্রন্থ পড়া

সম্ভব ছিল না। কিন্তু সব ধর্মের পণ্ডিতদের ডেকে তিনি তাঁদের ধর্মের মূল বিষয়গুলো শুনেছিলেন। সব শুনে তিনি যখন বুঝতে পারলেন যে,ইসলামের মত জঘন্য কোন তত্ত্ব হতে পারে না, সেই মুহূর্তেই তিনি ঘৃণাভরে ইসলাম ত্যাগ করেছিলেন। শুধু তাই নয়, তিনি গোহত্যা নিষিদ্ধ করেছিলেন, কোন মুসলমানের পক্ষে মহম্মদ নাম রাখা অবৈধ ঘোষণা করেছিলেন এবং কামান দেগে অনেক মসজিদ ভেঙ্গে দিয়েছিলেন। শাস্ত্র অনুসারে এই পার্থিব জীবনে মুসলমানদের সিল্কের কাপড় পরা ও সোনার গহনা ব্যবহার করা নিষিদ্ধ । এই নিয়মের বিরোধিতা করতে তিনি তাঁর সভাসদদের জন্য সোনার অলঙ্কার ও সিল্কের জামা পরা বাধ্যতা মূলক করেছিলেন। সমস্ত মসজিদে তিনি শূয়োরের চাষ করতে পরামর্শ দিয়েছিলেন (Akbar The Great Mogul, V.A.Smith ch. on. Din-i-Ilahi)। আমাদের বর্তমান রাষ্ট্রপতি মহাশয় নিরক্ষর নন। অনেকের মতে, তিনি নাকি নিত্য গীতা পাঠ করেন। কাজেই গীতা ও কোরান এর মধ্যে কি তফাৎ, তা তাঁর অজানা থাকার কথা নয়। কাজেই আমরা আশা করব যে, **তিনি কোন্ ধর্ম মানবিক এবং কোন্ ধর্ম অমানবিক, সেই ব্যাপারে তাঁর মতামত জনসাধারণের কাছে সাহসের সঙ্গে ব্যক্ত করবেন এবং এই সব বিষয়ে তিনি বাদশা আকবরের মতই সাহসিকতার পরিচয় দেবেন। কারণ বাদশা আকবরের মত তিনিও আজ ভারতের রাষ্ট্রপ্রধান।**

এ ব্যাপারে আরও একটা কথা বলার আছে। আজকের দেশভাগ সহ হিন্দু ও মুসলীম সম্প্রদায়ের মধ্যে যে তিক্ততা ও শত্রুতা জন্ম নিয়েছে, তার মূল কারণ হল ভারতকে ইসলামীকরণের প্রচেষ্টা। বিদেশী মুসলমান শাসকরা এ দেশের হিন্দুদের ধর্মপরিবর্তন করে এ সমস্যার জন্ম দিয়েছে। বর্তমানে হিন্দু-মুসলমানের এই শত্রুতা পারমানবিক যুদ্ধের দিকে অগ্রসর হতে শুরু করেছে। এই ভয়ঙ্কর ও করুণ ভ্রাতৃবিবাদকে মাত্র একটি উপায়ই এড়ানো সম্ভব, আর তা হল বিদেশী আরবী সংস্কৃতিকে বর্জন করে ভারতের সব মুসলমানের নিজস্ব বৈদিক ধর্ম ও সংস্কৃতিতে ফিরে আসা। এতে সকলেরই মঙ্গল। হিন্দুর মঙ্গল, মুসলমানের মঙ্গল এবং সেই সঙ্গে সঙ্গে সমগ্র দেশেরও মঙ্গল। তাই আমাদের রাষ্ট্রপতি মহাশয়ের উচিত বাদশা আকবরের মতই প্রথমে ইসলাম ত্যাগ করা এবং অতঃপর হিন্দু ধর্মে ফিরে এসে দেশের সমস্ত মুসলমানকে সঠিক পথ নির্দেশ করা। রাষ্ট্রপতি মহাশয়কে অনুরোধ, তিনি যেন বিষয়টা একটু ভেবে দেখেন।

যাই হোক, জনাব ক্লবিস মাকসুদ হলেন মিশরের একজন পণ্ডিত ব্যক্তি এবং রাষ্ট্রসঙ্ঘের উপরিউক্ত রিপোর্টের এক জন অন্যতম প্রণেতা। সব থেকে গুরুত্বপূর্ণ ব্যাপার হল, মুসলীম সমাজের সার্বিক অনগ্রসরতার জন্য তিনি সরাসরি ইসলামের দিকেই আঙ্গুল তুলেছেন। এবং প্রকারান্তরে তিনি এটাই বলতে চেয়েছেন যে, **মুসলীম সমাজের অনগ্রসরতার জন্য মূলত দায়ি হল ইসলাম।** এ ব্যাপারে মন্তব্য করতে গিয়ে এক জন বৃটিশ সাংবাদিক বলেন, "সব থেকে স্পর্শকাতর বিষয়, যা রিপোর্টের প্রণেতারা সযত্নে এড়িয়ে যেতে চেয়েছেন, তা হল, মুসলীম সমাজের অনগ্রসরতার ব্যাপারে ইসলামের ভূমিকা।"

আগেই বলা হয়েছে যে, স্কুল থেকেই মুসলমান শিশুদের শেখানো হয় যে, এক মাত্র কোরাণ ও হাদিসেই সত্য আছে। তাই নিজস্ব যুক্তি বুদ্ধি দিয়ে সত্যের অনুসন্ধান করার কোন প্রয়োজন নেই। সুতরাং বুঝতে অসুবিধা হয় না যে, মুসলীম সমাজে যুক্তি বিচারের কোন স্থান নেই। শিশু বয়স থেকেই তাদের বোঝানো হয় যে, আল্লাতায়লা কোরাণ ও হাদিসের মধ্যে দিয়ে যে সত্য প্রকাশ করেছেন, তাকে সর্বোচ্চ মান্যতা দিতে হবে বা তাকে অমান্য করার সাধ্য কারোরই নেই। শিক্ষার উদ্দেশ্য হল, কোরাণ-হাদিসের সেই সত্যকে ব্যাখ্যা করা। তার প্রচার করা। সেই সত্যকে সন্দেহ করা বা তাকে প্রশ্ন করা নয়। কোরাণকে প্রশ্ন করার অর্থ আল্লার প্রতি সন্দেহ করা, তাই তা মহাপাপ।

তাই কোরাণে যা কিছু আছে তাকে অভ্রান্ত বলে মেনে নিতে হবে। শিক্ষিত বা অশিক্ষিত, সব মুসলমানকেই বিশ্বাস করতে হবে যে, ৬২১ খ্রীষ্টাব্দের রজব মাসের ২৭ তারিখে নবী মহম্মদ পার্থিব কয়েক ঘন্টার মধ্যে, সজ্ঞানে ও সশরীরে স্বর্গভ্রমণ (মেরাজ) করেছিলেন। বিশ্বাস করতে হবে যে তিনি চাঁদকে ভেঙ্গে দু টুকরো করেছিলেন। বিশ্বাস করতে হবে যে, আল্লা মাত্র ৬ দিনের মধ্যে, শূণ্য থেকে এই আকাশ-পৃথিবী সৃষ্টি করেছেন। বিশ্বাস করতে হবে যে, আকাশ একটা কঠিন ছাদ, যা আল্লা তাঁর বিশেষ কুদরতের দ্বারা কোন স্তম্ভ ছাড়াই স্থাপন করে রেখেছেন এবং কেয়ামত বা শেষ বিচারের দিন আল্লা ওই কঠিন ছাদকে ভেঙ্গে ফেলবেন এবং তা গুড়ো গুড়ো হয়ে পৃথিবীতে পড়বে।

তাকে আরও বিশ্বাস করতে হবে যে, এই মনুষ্য জাতি এক জোড়া নরনারী, আদম ও হাওয়া থেকে যাত্রা শুরু করেছে এবং নবী মহম্মদ ছিলেন হজরৎ আদমের ৯০ তম বংশধর। এবং এর মধ্যে দিয়ে তাকে স্বীকার করে নিতে হবে

যে, মাত্র ৪১৩৩ বছর আগে আল্লাতায়লা এই পার্থিব জগত সৃষ্টি করেছেন। কারণ দুই পুরুষের মধ্যে ৩০ বছর বয়সের ব্যবধান ধরে নিলে এই হিসাবই পাওয়া যায়। আমাদের মাননীয় রাষ্ট্রপতি মহাশয় যতবড় বিজ্ঞানীই হোন না কেন, তাঁকেও কোরাণের এই সব বিষয়ে বিশ্বাস করতে হবে। অন্যথায় তাঁর গর্দানের বিপদ দেখা দেবে।

সেই সঙ্গে সঙ্গে কোন মুসলমানেরই অধিকার নেই নবী মহম্মদের জীবন ও তাঁর কাজকর্মকে যুক্তি দিয়ে বিচার করার। শুধু তাঁর প্রশংসাই করতে হবে। তিনি যে কুরাইজা ও নাজির গোত্রের ইহুদীদের গণহত্যা করেছিলেন এবং ১০ বছর মদিনা বাসকালে ৮২টা আক্রমণ ও অভিযান চালিয়ে আরবের অমুসলমান কাফেরদের কচুকাটা করেছিলেন, সেইসব নৃশংস কাজ গোপন করতে হবে। সব সময় তাঁকে দেখাতে হবে শান্তির দূত ও ক্ষমার অবতার হিসাবে। শেষ বয়সে নবী যে একের পর এক নিকা করে মোট ১২জন পত্নীর স্বামী হয়েছিলেন, সেই সব বিয়ে শাদীর মধ্যে শুধু পবিত্রতা খুঁজতে হবে। এমন কি, তাঁর ৫২ বছর বয়সে ৬ বছরের শিশু আয়েশাকে নিকা করা এবং ৫৪ বছর বয়সে পালিত পুত্র যায়েদ-এর স্ত্রী জয়নবকে নিকা করার মধ্যেও পবিত্রতা আবিষ্কার করতে হবে। মানুষের বুদ্ধিবৃত্তি ও বিচার শক্তির কি চরম অপমান! কি কল্পনাতীত বৌদ্ধিক দাসত্ব!

কাজেই বুঝতে অসুবিধা হয় না যে, মুসলীম সমাজ হল শৃঙ্খলিত এক ক্রীতদাসের সমাজ। এক বৌদ্ধিক দাসত্ববৃত্তির সমাজ। সেই সমাজে চিন্তার কোন স্বাধীনতা নেই এবং মুক্ত চিন্তার কোন সুযোগ নেই। ক্রীতদাসের মত শুধু নিয়ম পালন করে যাও। নবী বলেছেন যে গোঁফকেটে দাড়ি রাখ, কারণ তা হলে মুসলমাদের চিনতে সুবিধা হবে। তাই কোন প্রশ্ন না করে গোঁফ কামিয়ে দাড়ি রাখতে হবে। খাওয়ার পর নবী হাত চেটে পরিষ্কার করতেন, তাই সব মুসলমানকে হাত চেটে পরিষ্কার করতে হবে। পাজামার ঝুল গোড়ালী ঢেকে ফেললে নবী তাকে অহমিকার প্রকাশ বলে মনে করতেন। তাই খাটো ঝুলের পাজামা পরতে হবে। নবী কুকুর পছন্দ করতেন না, তাই কুকুর পোষা যাবে না। কম জল ব্যবহার করে নবী যেভাবে অজু কবতেন, জলের দেশ এই বাংলায়ও ওই একইভাবে অজু করতে হবে। কোরাণে আল্লাতায়লা কোথাও বলেননি যে, হে মুসলমানগণ, তোমরা লেখাপড়া শিখে নিজেদের উন্নত কর, মানুষ হও।

তাই লেখাপড়া বর্জন করে মূর্খ হয়েই থাকতে হবে। আল্লা বলেছেন যে, শুধুমাত্র 'লা ইলাহা ইল্লাল্লা' কলেমা গ্রহণ করার জন্য তিনি কেয়ামতের দিন মুসলমানদের সব গোনাহ্ (পাপ) মাফ করে দেবেন, তাই যত খুশী অপরাধ করতে থাক, দুনিয়ার যত দুষ্কর্ম সব করতে থাকো।

কাজেই বুঝতে অসুবিধা হয় না যে, বৌদ্ধিক দিক দিয়ে অবরুদ্ধ এরকম একটি ক্রীতদাসের সমাজ সভ্যতার পথে অগ্রসর হবে কেমন করে ? তাই এই ব্যাপারে মন্তব্য করতে গিয়ে একজন বৃটিশ সাংবাদিক বলেন, "বুদ্ধি ও চিন্তার এই চরম দাসত্ববৃত্তিই মুসলীম সমাজের অগ্রগতির পথে প্রধান অন্তরায়।" উপরন্তু, কোরাণে আল্লাতায়লার বাণী সমূহ পাঠ করলে এটাই পরিষ্কার হয় যে, আল্লা তাঁর বান্দাদের মানুষ হবার সমস্ত রাস্তা বন্ধ করে শুধু মুসলমান করে রাখারই পক্ষপাতী।

সারণী-১

অঞ্চল	এইচ ডি আই	এ এইচ ডি আই
উত্তর আমেরিকা	০৪	১০
ইয়োরোপ	২০	১৯
অষ্ট্রেলিয়া	২১	২০
ল্যাটিন আমেরিকা	৪৬	৪৮
দক্ষিণ এশিয়া	৬৮	৭০
আরব দুনিয়া	৭৫	৮৬

(সূত্র-Arab Human Development Report 2002)

সারণী-২

অঞ্চল	মৌলিক স্বাধীনতা
উত্তর আমেরিকা	১০০
অষ্ট্রেলিয়া	৯৫
ইয়োরোপ	৮২
ল্যাটিন আমেরিকা	৬৫
দক্ষিণ এশিয়া	৪০
আরব দুনিয়া	১৬

(সূত্র-Arab Human Development Report 2002)

পরিশিষ্ট - ৩

হিন্দু-মুসলমান সমস্যা ঃ কিভাবে হবে সমাধান

১৯৪৭ সালে মাতৃভূমির অঙ্গচ্ছেদের মধ্যে দিয়ে দেশ স্বাধীন হল। দেশ মাতৃকার দেহকে তিন টুকরো করার ফলে হিন্দুর মন হল ভারাক্রান্ত। কিন্তু মুসলমানরা হল আনন্দে উদ্বেল। কারণ দেশমাতৃকার প্রতি তাদের শ্রদ্ধা, ভালোবাসা বা প্রেম নেই। **মুসলমান হবার সঙ্গে সঙ্গে আরব হয়েছে তাদের শ্রদ্ধার কেন্দ্র। আর মাতৃভূমি ভারত হয়েছে শত্রুর দেশ— দার-উল-হার্ব।** সেই শত্রুর দেশ থেকে খানিকটা খুবলে নিয়ে আল্লার দেশ পাকিস্তানে পরিণত করার চাইতে সুখের বিষয় আর কি হতে পারে।

এই দেশ ভাগ নিয়ে অনেক গবেষণা, বিচার বিশ্লেষণ হয়েছে। অনেকের মতে, দেশ ভাগের জন্য দায়ী হল সাম্রজ্যবাদী বৃটিশ শক্তি। অন্য অনেকে এ জন্য তৎকালীন কংগ্রেস নেতাদের দায়ী করে থাকেন এবং বলেন, ক্ষমতার লোভে তাঁরা তড়িঘড়ি দেশ ভাগ মেনে নিয়েছিলেন। সুতরাং দেশ ভাগের জন্য কে দায়ী, এই প্রশ্নে দেশের মানুষের মনের মধ্যে মতানৈক্য রয়েছে। কিন্তু একটু গভীর ভাবে চিন্তা করলে দেখা যাবে যে, দেশ ভাগের জন্য মূলত দায়ী হল আরবে উদ্ভুত একটি বর্বর তত্ত্ব, যার নাম ইসলাম। এ ব্যাপারে জিন্নাই ঠিক কথা বলেছিল। তার মতে যে দিন প্রথম একজন হিন্দু ভারতবাসী ইসলামে ধর্মান্তরিত হয়েছিল সেই দিনই ভারতের মাটিতে পাকিস্তানের বীজ রোপিত হয়েছিল। আরবের রক্তসিক্ত গ্রন্থ কোরাণই সেই বর্বর তত্ত্বের বাহক, যা এই ভারতের হিন্দু ও বৌদ্ধদের ধর্মান্তরিত করে রক্তক্ষয়ী এক ভ্রাতৃবিবাদের সূত্রপাত করেছে। যার অন্তিম পরিণতি হল দেশ জননীর অঙ্গচ্ছেদ। বিবাদ আজও বিদ্যমান রয়েছে। কারণ মুসলমানদের উদ্দেশ্য হল সমস্ত ভারতকে আল্লার দার-উল-ইসলাম-এ পরিণত করা। জাতীয়তাবাদী মুসলমান বলে খ্যাত মৌলানা আবুল কালাম আজাদও এই ইসলামী ধ্যান ধারণার বাইরে ছিলেন না। তাই তিনি বলেছিলেন, "ভারতের মতো একটি দেশ, যা এককালে মুসলমান রাজত্বের অধীন ছিল, তাকে আবার জয় করে ইসলামী দেশ বানাতে হবে"। ভারতকে জয় করে দার-উল-ইসলাম বানানোর জন্যই যে পাকিস্তান পারমাণবিক অস্ত্র ও দূরপাল্লার

ক্ষেপণাস্ত্র মজুদ করছে তা বলাই বাহুল্য।

গত ১৯৯৮ সালের ৩০ নভেম্বর 'টাইম' পত্রিকায় ভারতের প্রতিরক্ষা মন্ত্রী জর্জ ফার্নাণ্ডেজ ও পাকিস্তানী পরমাণু বিজ্ঞানী আব্দুল কাদের খানের সাক্ষাৎকার প্রকাশিত হয়, যাতে উপরিউক্ত মুসলিম মানসিকতা সুন্দরভাবে ফুটে ওঠে। ভারত ও পাকিস্তানের জনসাধারণের ব্যাপারে প্রশ্ন করলে শ্রীফার্নাণ্ডেজ বলেন, "একজন পাকিস্তানীর মধ্যে আমি আমাদেরই রক্ত মাংস দেখতে পাই। আমরা পৃথক দুটি রাষ্ট্র বটে। কিন্তু মানুষ সব এক।" ওই একই প্রশ্ন আব্দুল কাদের খানকে করলে তিনি বলেন, "কোনও কোনও ব্যাপারে মিল থাকলেও মূলত আমরা ওদের থেকে আলাদা। আমরা মুসলমান, ওরা হিন্দু। আমরা গরু খাই, ওরা গরুকে পূজো করে। আমরা এক দেশে বাস করতাম, এক ভাষায় কথা বলতাম, তাতে প্রমাণ হয় না আমরা অভিন্ন।"

উপরিউক্ত দুই মন্তব্যের মধ্যেকার প্রভেদ বিশেষ ভাবে লক্ষ্যণীয়। প্রথমোক্ত মন্তব্য ঐক্যবন্ধনে বাঁধার প্রেরণা যোগায়। কিন্তু দ্বিতীয় মন্তব্য ঐক্যবন্ধনের সমস্ত সূত্রকে ছিন্ন বিচ্ছিন্ন করার কাজে উৎসাহ যোগায়। এটাই হল বিচ্ছিন্নতাবাদী মুসলমান মানসিকতা। আরবের বর্বর গ্রন্থ ও পশুপালক বর্বর আরব্য সংস্কৃতির প্রভাবেই যে আমাদের কিছু দেশবাসী ভাইয়ের মনে এই বিচ্ছিন্নতাবাদী মানসিকতার সৃষ্টি হয়েছে তা বলাই বাহুল্য। আরবের সেই বর্বর গ্রন্থ গীতা, গঙ্গা, গায়ত্রী ও গোবিন্দে অনুরক্ত ভারতের কিছু মানুষকে আরবের বর্বর দেবতার প্রতি অনুরক্ত করে তুলেছে এবং সেই বর্বর দেবতার নির্দেশে তারা ভাইয়ের বুকে ছুরি বসাচ্ছে। মা বোনকে অত্যাচার করছে, দেশ মাতৃকাকে খণ্ড খণ্ড করছে এবং জন্মভূমিকে জয় করার পরিকল্পনা করছে। তার চেয়েও বড় কথা হল, আরবের বর্বর রক্তপিপাসু গ্রন্থ ভাইয়ের মনকে ভাইয়ের প্রতি এতখানি বিষাক্ত করে তুলেছে যে, সেই বিদ্বেষ ও ঘৃণা আজ পারমাণবিক যুদ্ধের দিকে অগ্রসর হচ্ছে। এর ফলাফল হবে মারাত্মক এবং এর দ্বারা হিন্দু বা মুসলমান, কারোই মঙ্গল হবে না।

কিন্তু সুখের কথা হল, বর্তমানে কিছু কিছু মুসলমান বুদ্ধিজীবী ইসলামের মধ্যে দিয়ে আরবের পশুপালক বর্বর সংস্কৃতিকে অনুসরণ করার বিপদ বুঝতে পারছেন। এই বিষয়ে সবাইকে সচেতন করার চেষ্টা চালাচ্ছেন। তারা বুঝতে

পারছেন যে, বর্বর আরব্য সংস্কৃতিকে অনুসরণ করার ফলে মুসলমানরা সভ্যতার পথে ক্রমাগত পিছিয়ে পড়ছে। এটা শুধু বাংলাদেশ ও পাকিস্তানের মুসলমানদের ব্যাপারে নয়, বিশ্বের সমগ্র মুসলীম সমাজই শিক্ষা-দীক্ষা, ব্যবসা-বাণিজ্য, শিল্পকলা সাহিত্য ইত্যাদি সর্বক্ষেত্রে পিছিয়ে পড়ছে। শুধু তাই নয়, একবিংশ শতাব্দীর বিজ্ঞান প্রযুক্তিকে সেই পিছিয়ে পড়া মূর্খের দল চোদ্দশ বছরের পুরানো এক বর্বর তত্ত্বের দ্বারা পরাজিত করার হাস্যকর প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে। শ্রীজাফর আদম হলেন শুভবুদ্ধি সম্পন্ন একজন পাকিস্তানী সাংবাদিক। এই সব ব্যাপারে , বিশেষ করে দেশ ভাগের বেদনা থেকে তিনি লিখছেন 'যদি ৫০ বছর সময়ের মধ্যেও পাকিস্তানকে বিশুদ্ধ ইসলাম প্রতিষ্ঠার উপযোগী করে তোলা না যায় তবে তা (অর্থাৎ পাকিস্তান) সৃষ্টি করারই বা কি প্রয়োজন ছিল?" তিনি আরও লিখেছেন, "যদি বিশুদ্ধ ইসলামী ব্যবস্থার প্রবর্তন না-ই করা যায়, তবে কেন আমরা পূর্বের অখণ্ড ভারতে ফিরে যাবো না? আজও সীমান্তের ওপার থেকে ভেসে আসছে হৃদয় উদ্বেল করা, অন্তরাত্মার শিহরণ জাগানো ঐক্য বন্ধনের উদাত্ত আহ্বান।

শ্রীজাফর আদম আরও লিখছেন যে, জিন্নার সিগারেটের ধোঁয়ার মধ্যে দিয়ে সৃষ্টি হয়েছিল পাকিস্তান। তাই সেখানে উত্তাপ (অর্থাৎ হানাহানি মারামারি) লেগেই আছে। "মহান দেশ সেই ভারতবর্ষ হল ঈশ্বরের এক আশীর্বাদ। সেই দেশ স্বভাবতই উর্বর ও সৃষ্টিশীল। সেই দেশের কোলে বহু ধর্ম ও মতবাদ এক সঙ্গে অবস্থান করছে। সেই দেশে বহুরকম বিরোধের মধ্যে বিরাজ করছে এক মহান ঐক্য, যা আমাদের এই মুমালকৎ-ই-খুদাদ্-এ অনুপস্থিত।"

কাজেই বুঝতে অসুবিধা হবার কথা নয় যে, শ্রীজাফর আদম যে অখণ্ড ভারতের স্বপ্ন দেখছেন, সেই স্বপ্নই দেখেছেন ঋষি অরবিন্দ, পরমপূজ্য ডাক্তারজী ও পূজনীয় গুরুজী। সেই অখণ্ড ভারত প্রতিষ্ঠার মধ্যেই নিহিত রয়েছে এই দেশের হিন্দুর মঙ্গল এবং মুসলমানের মঙ্গল। কিন্তু কেমন করে প্রতিষ্ঠিত হবে সকলের পক্ষে কল্যাণকারী সেই অখণ্ড ভারত? **প্রথমেই দূর করতে হবে, বর্জন করতে হবে ভাইয়ে ভাইয়ে বিদ্বেষ ও ঘৃণা সৃষ্টিকারী আরবের তত্ত্ব ও গ্রন্থ। সমগ্র বিশ্বের কল্যাণকারী যে বৈদিক সংস্কৃতি, যেই সংস্কৃতি, হিন্দু মুসলমান নির্বিশেষে, এই দেশের প্রতিটি মানুষের মাতৃস্বরূপা, এই মায়ের কাছেই**

আত্মসমর্পণ করতে হবে সবাইকে। আরবের বর্বর দেবতাকে পরিত্যাগ করে ভগবান শ্রীকৃষ্ণের চরণে আশ্রয় নিতে হবে আজকের বিকৃত মস্তিষ্ক, সকল মুসলমান ভাইকে। আরবের পশুপালক বর্বর সংস্কৃতিকে ত্যাগ করে তাদের ফিরে আসতে হবে জননী স্বরূপা গঙ্গা, গীতা, গায়ত্রী ও গোবিন্দের সংস্কৃতিতে। এটাই একমাত্র পথ। এ পথেই হবে ভাইয়ে ভাইয়ে পুনর্মিলন, স্থাপিত হবে গরিমাময় অখণ্ড ভারত। সমস্ত মহাপুরুষের স্বপ্নের সেই অখণ্ড ভারত। মুসলমান সাংবাদিক জাফর আদমের স্বপ্নের সেই অখণ্ড ভারত। চিরকালের মতো দূরীভূত হবে ভাইয়ে ভাইয়ে বিদ্বেষ ও অবিশ্বাস।

পরিশিষ্ট - ৪

হিন্দুর শোক দিবস ১৫ই আগস্ট

আবার এসে গেল ১৫ই আগস্ট, ইংরাজ পরাধীনতা থেকে মুক্তি পাবার দিন। ১৫ আগস্ট তাই খুশির দিন। সরকারি ছুটির দিন। কিন্তু হিন্দুর কাছে ১৫ আগস্ট কি শুধু আনন্দ উৎসব করার দিন, না ওই দিনটি শোকের দিন এবং কাঁদবার দিনও বটে। কারণ ওই দিন দেশমাতৃকাকে কেটে তিন টুকরো করা হয়েছিল। খণ্ডিত মায়ের রক্তাক্ত শরীরের ওপর দিয়ে এসেছিল স্বাধীনতা। কোটি কোটি হিন্দু ভিটেমাটি ও সর্বস্ব খুইয়ে প্রাণের ভয়ে পালিয়ে এসেছিল নতুন ইসলামী রাষ্ট্র পাকিস্তান থেকে। লক্ষ লক্ষ হিন্দু রমণীর কান্না ও আর্তনাদের মধ্যে দিয়ে জন্ম নিয়েছিল সেই পাকিস্তান। লক্ষ লক্ষ হিন্দুর রক্তে রঞ্জিত হয়েছিল সেই পাকিস্তান। লক্ষ লক্ষ হিন্দুর রক্তে কর্দমাক্ত হয়েছিল পাকিস্তানের মাটি। তাই হিন্দুর কাছে ১৫ আগস্টের স্মৃতি মধুর স্মৃতি, সুখের স্মৃতি হতে পারে না। সেই স্মৃতি হল করুণ এক ভাগ্য বিপর্যয়ের স্মৃতি। যতদিন এই খণ্ডিত দেশ আবার জোড়া না লাগছে ততদিন কোটি কোটি হিন্দুর জন্মস্থান হয়ে থাকবে বিদেশ। সেখানে যাবার তার অধিকার থাকবে না, এই বেদনার কথা ভুক্তভোগী ছাড়া আর কে বুঝবে?

কিন্তু কেন হয়েছিল এই দেশভাগ? কারা করেছিল এই দেশভাগ? কারা দেশ মাকে খন্ডিত করার দাবি করেছিল, আর কারা মেনে নিয়েছিল ধর্মের ভিত্তিতে দেশ ভাগের সেই অযৌক্তিক দাবি? ইতিহাসের পাতা থেকে উধাও করে দেওয়া হচ্ছে সেইসব চক্রান্ত, বিশ্বাসঘাতকতা ও হিন্দুর প্রতি চরম অবজ্ঞার সেই সব কাহিনী। মুছে দেওয়া হচ্ছে হিন্দুকে প্রতারিত করা, প্রবঞ্চনা করার সেইসব করুণ ইতিহাস। তাই হিন্দু আজ বিভ্রান্ত। এইসব প্রতারকদের, দেশদ্রোহী বিশ্বাসঘাতকদের শনাক্ত করতে সে ভ্রমসঙ্কুল। কারও মতে, দেশভাগ বৃটিশ চক্রান্তের ফল। কারও মতে, দেশ ভাগের জন্য দায়ী হল কংগ্রেস নেতাদের বিশ্বাসঘাতকতা। আজও হিন্দু আঙুল তুলে সমস্বরে বলছে না যে, দেশ ভাগের জন্য মূলতঃ দায়ী হল আরবের এক বর্বর তত্ত্ব, যার নাম ইসলাম এবং আরবের এক বর্বর গ্রন্থ, যার নাম কোরান। দায়ী সেই গ্রন্থের প্রভাবে বিকৃত মস্তিষ্ক এই দেশেরই এক ধরনের মানুষ, যাদের নাম

মুসলমান।

আরও আশ্চর্যের ব্যাপার হল, আজও অনেক হিন্দু বিশ্বাস করে যে, মোহনদাস করমচাঁদ গান্ধী দেশভাগের বিরোধিতা করেছিলেন। কিন্তু জওহরলাল নেহেরু ও কংগ্রেসের অন্যান্য নেতারা গান্ধীর মতকে উপেক্ষা করেই দেশভাগ মেনে নিয়েছিলেন। তাদের এই বিশ্বাস কতটা সত্য তা তলিয়ে দেখার প্রয়োজন আছে। তাদের এই বিশ্বাসের ভিত্তি হল, সেই সময় গান্ধী প্রকাশ্য সভায় বলতেন, "vivisect me before you vivisect India"—অর্থাৎ 'দেশকে খণ্ডিত করার আগে আমাকে খণ্ডিত কর।' আমাদের মধ্যে অনেকেরই জানা নেই যে, সভা সমিতিতে গান্ধী যখন এই কথা বলছিলেন, তখন তিনি তাঁর লেখার মধ্যে দিয়ে সম্পূর্ণ বিপরীত মত প্রকাশ করছিলেন।

এখানে স্মরণ করা যেতে পারে যে, ১৯৪০ সালের ২৬ মার্চ, লাহোর বৈঠকে মুসলিম লিগের নেতারা সর্বপ্রথম দেশভাগ ও পাকিস্তানের দাবি উত্থাপন করে। তাদের সেই দাবিকে সমর্থন করে গান্ধী দিন দশ পরে, ৬ এপ্রিলের 'হরিজন' পত্রিকায় লিখেছেন—"দেশের অন্যান্য জনগোষ্ঠীর মতো মুলসলমানদেরও আত্মনিয়ন্ত্রণের অধিকার আছে। বর্তমানে আমরা একটা যৌথ পরিবারের মতই বসবাস করছি। তাই এর কোন এক শরিক ভিন্ন হতে চাইতেই পারে।" বছর দুই পরে, ১৯৪২ সালের ১৮ এপ্রিলের 'হরিজন' পত্রিকায় তিনি আবার লিখলেন—"যদি ভারতের বেশিরভাগ মুসলমান এই মত পোষণ করে যে মুসলমানরা একটা আলাদা জাতি, যাদের সঙ্গে হিন্দু বা অন্য জনগোষ্ঠীর কোন মিল নেই, তবে পৃথিবীতেএমন কোন শক্তি নেই যে সেই চিন্তা-ভাবনা থেকে তাদের বিরত করতে পারে। এবং সেই ভিত্তিতে তারা যদি দেশ বিভাগ চায় তবে অবশ্যই দেশভাগ করতে হবে। তবে ইচ্ছা করলে হিন্দুরা তার বিরোধিতা করতে পারে।"

পাঠকের হয়তো স্মরণ আছে যে, ১৯৪৭ সালে, স্বাধীনতার প্রাক্কালে যখন দেশ বিভাগের সমস্যা প্রধান সমস্যা হিসাবে দেখা দিল, তখন কংগ্রেস ওয়ার্কিং কমিটি তার ১২ জুনের বৈঠকে স্থির করে যে, অখিল ভারতীয় কংগ্রেস কমিটি ১৪ ও ১৫ জুনের অধিবেশনে দেশ বিভাগের প্রস্তাব উত্থাপন করা হবে। সেই অনুসারে ১৪ জুন নতুন দিল্লিতে অখিল ভারতীয় কংগ্রেস কমিটির অধিবেশনে দেশ বিভাগের প্রস্তাব উত্থাপিত হয়। কংগ্রেসের অনেক বিশিষ্ট নেতা, যেমন

পুরুষোত্তমদাস ট্যান্ডন, গোবিন্দ বল্লভ পন্থ, চৈতরাম গিদোয়ানি, ডাঃ এস কিচলু প্রমুখেরা দেশ ভাগের প্রস্তাবের বিরোধিতা করে জোরালো বক্তব্য রাখেন। এই সময় গান্ধী সবাইকে থামিয়ে দেশ ভাগের স্বপক্ষে ৪৫ মিনিট ধরে তাঁর বক্তব্য পেশ করেন। তাঁর বক্তব্যের মূল বিষয় ছিল দুটি। প্রথমত, দেশভাগ মেনে না নিলে দেশব্যাপী অরাজকতা দেখা দেবে (অর্থাৎ মুসলমানরা অসন্তুষ্ট হবে এবং দেশব্যাপী দাঙ্গা শুরু করবে) এবং দ্বিতীয়ত, দেশের নেতৃত্ব কংগ্রেসের হাত থেকে অন্য কোন দলের বা ব্যক্তির (অর্থাৎ হিন্দুত্ববাদীদের হাতে) নেতৃত্বে চলে যাবে। বুঝতে অসুবিধা হবার কথা নয় যে, তাঁর বক্তব্যের মূল সুর ছিল, দেশ বিভাগ মেনে নিয়ে মুসলমানদের খুশি করা। অন্যথায় দেশব্যাপী দাঙ্গা শুরু করতে মুসলমানদের প্ররোচিত করা।

যাই হোক, দেশ বিভাগের প্রশ্নে সর্দার বল্লভ ভাই প্যাটেল ছিলেন তখনও দ্বিধাগ্রস্ত এবং গান্ধীর ৪৫ মিনিট ভাষণে তিনি এতটাই মোহিত হয়ে পড়লেন যে তখনই তিনি দেশ ভাগের একজন প্রবল সমর্থক হয়ে গেলেন। এবং তাঁর দৃষ্টান্ত অনুসরণ করে অন্যান্য দ্বিধাগ্রস্ত নেতারাও দেশ ভাগের পক্ষে রায় দিলেন। ফলে দেশ ভাগের প্রস্তাব গৃহীত হল।

অহিংসা ও সেকুলারবাদের আড়ালে গান্ধীর মুসলমান তোষণের নীতি শুধু দেশভাগ করে ক্ষান্ত থাকেনি। স্বাধীনতার পরেও তা হিন্দুর প্রভূত ক্ষতি সাধন করেছে এবং এখনও করছে। সেই সময় অবিভক্ত ভারতে মুসলমানের সংখ্যা ছিল মোট জনসংখ্যার ২৩ শতাংশ এবং এই ২৩ শতাংশ মুসলমান দেশের ৩২ শতাংশ জমি পাকিস্তান হিসাবে পেয়ে যায়। কাজেই তখন সর্বাপেক্ষা যুক্তিযুক্ত পদক্ষেপ ছিল খণ্ডিত ভারতের সমস্ত মুসলমানকে পাকিস্তানে পাঠিয়ে দেওয়া এবং পাকিস্তানের সমস্ত হিন্দুকে ভারতে নিয়ে আসা। কিন্তু গান্ধী এই জন-বিনিময়-এর প্রবল বিরোধিতা করে বলেন যে—"এটা এক অলীক ও অবাস্তব প্রস্তাব।" তৎকালীন বৃটিশ প্রতিনিধি লর্ড মাউন্ট ব্যাটেনও এই জন-বিনিময়ের সমর্থক ছিলেন এবং প্রধানমন্ত্রী জওহরলাল নেহরুকে এই কাজ সমাধা করতে উপদেশ দিয়েছিলেন। কিন্তু গান্ধীর প্রবল বিরোধিতার ফলে নেহরু কোন পদক্ষেপ নিতে পারেননি। অথচ বাস্তব দিক থেকে বিচার করলে সেই সময় জন-বিনিময় ছিল একান্ত জরুরি। দেশ বিভাগের প্রাক্কালে পশ্চিম পাঞ্জাবের মুসলমানরা দাঙ্গা শুরু

করলে হিন্দুরা উদ্বাস্তু হয়ে পূর্ব পাঞ্জাবে ও দিল্লিতে আসতে শুরু করে। তখন গান্ধী সেইসব বিপন্ন হিন্দুদের উদ্দেশ্য করে বললেন, "মুসলমানরা যদি হিন্দুদের অস্তিত্বকেও বিপন্ন করে তোলে, তবুও হিন্দুদের কখনোই উচিত হবে না মুসলমাদের প্রতি ক্রোধ প্রকাশ করা। যদি তারা আমাদের সবাইকে তরোয়াল দিয়ে কেটে ফেলে, তবে আমাদের উচিত হবে বীরের মতো সেই মৃত্যুকে বরণ করা। জন্ম-মৃত্যু অদৃষ্টের লিখন, তাই নিয়ে এত মন খারাপের কি আছে?" (৬.৪.১৯৪৭ তারিখে প্রদত্ত ভাষণ)।

এ ব্যাপারে তিনি আরও বললেন, "রাওয়ালপিণ্ডি থেকে যেসব লোকেরা পালিয়ে এসেছে, তাদের মধ্যে কিছু লোক আমার সঙ্গে দেখা করে বলল, যে সমস্ত লোক (হিন্দু) এখনও পাকিস্তানে পড়ে রয়েছে, তাদের কি হবে? আমি তাদের প্রশ্ন করলাম, তোমরা কেন এখানে (দিল্লিতে) চলে এসেছো? কেন তোমরা সেখানে মরে গেলে না? আমি এখনও বিশ্বাস করি আমরা যে যেখানে জন্মেছি এবং বসবাস করেছি, সে স্থান আমাদের কখনও ত্যাগ করা উচিত না, এমনকি সেখানকার লোকেদের কাছ থেকে নিষ্ঠুর ব্যবহার পেলে বা মৃত্যু নিশ্চিত হলেও না। যদি সেই লোকেরা তোমাদের হত্যা করে, তবে যাও, মুখে ভগবানের নাম নিতে নিতে তাদের হাতে বীরের মৃত্যু বরণ কর। যদি আমাদের লোকেদের (হিন্দুদের) হত্যা করা হয়, তবে কেন আমরা অন্য কারও (মুসলমানদের) ওপর ক্রুদ্ধ হব? যদি তাদের হত্যা করা হয় তবে তোমাদের বুঝে নিতে হবে যে, তারা আকাঙ্ক্ষিত উত্তম গতিই লাভ করেছে।" (২৩.৯.১৯৪৭ তারিখের ভাষণ)।

এই প্রসঙ্গে তিনি আরও বললেন, "যাদের হত্যা করা হয়েছে, তারা যদি সাহসের সঙ্গে মৃত্যু বরণ করে থাকে, তবে তারা কিছুই হারায়নি, বরং কিছু অর্জন করেছে। মৃত্যুর জন্য আমাদের ভীত হওয়া উচিত নয়, প্রকৃতপক্ষে যারা হত্যা করছে তারা তো আমাদের ভাই ছাড়া আর কেউ নয়। তারা তো আমাদেরই মুসলমান ভাই।" (Gandhi and Godse, Koenraad Elst, Voice of India. P-121)। পশ্চিম পাকিস্তান থেকে চলে আসা কয়েকজন হিন্দু গান্ধীর সঙ্গে দেখা করলে গান্ধী তাদের পাকিস্তানে ফিরে যেতে উপদেশ দেন এবং বলেন, "একটি মুসলমানকেও হত্যা না করে শেষ মানুষটি পর্যন্ত সকল পাঞ্জাবী (হিন্দু) যদি নিহত হয়, তবে পাঞ্জাব অমর হবে। তোমরা ফিরে যাও এবং অহিংসার

স্বার্থে স্বেচ্ছাকৃত বলি হও" (Freedom at Midnight; Collins and Lapierre, P-385)।

গান্ধী ও তাঁর মুসলমান তোষণকারী অহিংসার তত্ত্ব সম্বন্ধে মন্তব্য করতে গিয়ে ঋষি অরবিন্দ বলেন, India will be free to the extent it succeeds in shaking off the spell of Gandhism অর্থাৎ 'ভারতবর্ষ ততখানিই স্বাধীন হবে, গান্ধীবাদের যাদুমন্ত্রকে সে যতখানি ঝেড়ে ফেলতে পারবে' (Gandhi in Indian Politics, Ashutosh Lahiry, P-221)। তাই এই ১৫ আগস্টের দিনে সমস্ত হিন্দুকে সেই গান্ধীবাদের যাদুকে ঝেড়ে ফেলার সঙ্কল্প গ্রহণ করতে হবে এবং তা হলেই ভারতবর্ষ এক স্বাভিমানী ও বীর্যবান হিন্দুরাষ্ট্র হিসাবে জগৎসভায় শ্রেষ্ঠ আসন লাভ করার পথে এগিয়ে যেতে পারবে।

পরিশিষ্ট - ৫

মুসলিম সমাজে নারী ভোগ্যপণ্য মাত্র

গৃহবধূ নাজমার বয়স ২৫ বছর। ওড়িশার ভদ্রক শহরে সে তার স্বামী শেখ শের মহম্মদ (ডাক নাম শেরু)-এর সঙ্গে বসবাস করত। তাদের ৪টি সন্তানও আছে। গত বছর (২০০৩ খ্রিঃ) জুলাই মাসের এক রাত্রে শেরু মাতাল অবস্থায় বাড়ি ফিরলে নাজমার সঙ্গে তার ঝগড়া ও কথা কাটাকাটি হয়। তখন রাগের মাথায় শেরু তিনবার 'তালাক' শব্দটি উচ্চারণ করে ফেলে। সকালে ঘুম থেকে উঠে শেরু কিছুই মনে করতে পারে না। কিন্তু পড়শীরা এসে বলে, 'তোমাদের তালাক হয়ে গিয়েছে, তাই তোমরা আর স্বামী-স্ত্রী হিসাবে একসঙ্গে থাকতে পারবে না। এক সঙ্গে থাকতে হলে তোমাদের 'হালালা' করতে হবে। এই হালালা হল তৃতীয় এক ব্যক্তির সঙ্গে নাজমার বিয়ে দিতে হবে এবং সেই ব্যক্তি তাকে তালাক দিলে শেরু আবার তাকে বিয়ে করতে পারবে। কিন্তু নাজমা তাতে রাজি না হওয়ায় গত ২৩ মে পাড়াপড়শীরা নাজমা ও তার চার সন্তানকে ঘর থেকে বার করে দেয়।

একটি সামাজিক সংগঠন (Society for Weaker Communities)-এর সভানেত্রী শ্রীমতী সফিয়া শেখ নাজমা ও তার চার সন্তানকে আশ্রয় দেয়। অনেক কট্টরবাদী মুসলিম সংস্থার পক্ষ থেকে শ্রীমতী সোফিয়াকে ভয় দেখানো হয়। কিন্তু তিনি তাতে কান না দিয়ে 'ন্যাশনাল কমিশন ফর উইমেন' নামক একটি সংস্থার সঙ্গে যোগাযোগ করেন। ফলে ওই সংস্থার ৫ জনের একটি দল ঘটনার তদন্ত করতে যায়। ওই দলের একজন সদস্যা শ্রীমতী নম্রতা চাড্ঢা নাজমার সঙ্গে একান্তে সাক্ষাৎ করলে নাজমা তাকে বলে, 'হালালার নাম করে ওরা আমাকে পতিতাবৃত্তিতে নামিয়ে আনতে চায়।'

উপরিউক্ত তিন তালাক ও হালালার ব্যাপারে কোরান বলছে, 'দুবার তালাক দেবার পরে তাকে নিয়ম অনুযায়ী রাখতে পার অথবা সৎভাবে বিদায় দিতে পার.....' (২/২২৯)। 'অতঃপর সে যদি তাকে (স্ত্রীকে) তালাক দেয় তবে সে আর তার জন্য বৈধ (হালালা) হবে না, যে পর্যন্ত না অন্য এক ব্যক্তির সঙ্গে সে বিবাহিত হবে। তারপর সে (দ্বিতীয় স্বামী) যদি তাকে তালাক দেয় এবং যদি উভয়ে (স্ত্রী ও প্রাক্তন স্বামী) মনে করে যে তারা আল্লার সীমারেখা রক্ষা করতে সমর্থ হবে, তবে তাদের পুনর্মিলনে আর কোন অপরাধ হবে না' (২/২৩০)।

তালাক দেওয়া স্ত্রীকে হালালার মাধ্যমে পুনরায় গ্রহণ করার এটাই কোরানের চূড়ান্ত নির্দেশ। এই হালালা কার্যকর করতে মুসলমানরা রাস্তা থেকে অজানা অচেনা কদাকার এক ব্যক্তিকে ডেকে আনে। তার সঙ্গে চুক্তি থাকে যে, রাত্রে ওই স্ত্রীর সঙ্গে তার নিকা দেওয়া হবে এবং এক রাত্রি তার সঙ্গে কাটিয়ে ভোরবেলা সে তাকে তালাক দেবে। বদলে সে চুক্তি মাফিক পারিশ্রমিক নিয়ে বিদায় হবে।

আরবী শব্দ 'হালালা'-র অর্থ অবৈধকে বৈধ করা। আল্লার বিচারে যে স্ত্রী অবৈধ হয়ে গিয়েছিল, তাকে আবার বৈধ করাই হল হালালা। আর যে ব্যক্তি এক রাত্রির জন্য নিকা করে হালালা করে, তাকে বলা হয় মুহাল্লিল বা বৈধকারী। Sir W. Muir ওই ব্যক্তিকে বলেছেন মুস্তাহেল (mustahel)। যে ব্যক্তির স্ত্রীকে মুহাল্লিল হালালা করল তাকে বলা হয় 'মুহাল্লাল্লাহ' এবং পুরো ব্যাপারটাকে বলে 'তাহলিল'। এই ব্যাপারে মন্তব্য করতে গিয়ে Sir W. Muir বলেছেন, "Many lovers or gallants cause less shame to a woman than one Mustahel" অর্থাৎ কোন মহিলার পক্ষে বহু প্রেমিক ও বীর নাগর থাকা একজন 'মুস্তাহেল থাকার চাইতে কম লজ্জাকর।' তিনি আরও বলেছেন, "It must not be forgotten that all the immorality of speech and action connected with this shameful institution and the outrage done to the female virtue, not necessarily for any fault of the wretched wife, but the passion and thoughtlessness of the husband himself, has solely arisen out of the verse (2/230) quoted above" (Life of Mahomet. Voice of India, P-337)".

অনেক পাঠক মনে করতে পারেন যে, মুহাল্লিলের সঙ্গে নিকা দিয়ে এক সঙ্গে রাত কাটাতে না দিলেই আর কোন ঝামেলা থাকে না। কিন্তু ইসলামী শাস্ত্র অনুসারে শুধু নিকা দিলেই হবে না, এক বিছানায় রাত কাটাতেও দিতে হবে। এই ব্যাপারে মুসলিম শরীফের ৩৩৫৪ নম্বর হাদিস বলছে—একদিন একজন তালাক প্রাপ্তা রমণী মহম্মদের কাছে এসে বলল যে, সে তার আগের স্বামীর কাছে ফিরে যেতে চায়।......শুনে মহম্মদ একটু হাসলেন এবং বললেন, 'না, তা তুমি পার না, যতক্ষণ না তোমার নতুন স্বামী তোমার মাধুর্য উপভোগ করছে এবং তুমি তার মাধুর্য উপভোগ করছ।'

মুসলিম সমাজে এমন ঘটনাও অনেক ঘটে, যেখানে কোন একজন বন্ধু বা আত্মীয়কে বিশ্বাসযোগ্য মনে করে মুহাল্লিল নিয়োগ করা হল, কিন্তু সে কথা রাখল না। তালাক না দিয়ে সে সেই মহিলাকে তৃতীয় বা চতুর্থ স্ত্রী হিসাবে বাড়ি

নিয়ে গেল। এসব ঘটনা অনেক ঘটলেও, সাধারণভাবে লোকচক্ষুর আড়ালেই তা থেকে যায়। যে দু'একটা ক্ষেত্রে মামলা-মোকদ্দমা হয়, সেগুলোই সাধারণ মানুষ জানতে পারে।

গত জুলাই মাসে কানপুরে অনুষ্ঠিত হল 'অল ইন্ডিয়া মুসলিম পার্সোনাল ল বোর্ড' বা 'এ আই এম পি এল বি'-র কার্যকরী সমিতির অধিবেশন। মুসলিম মহিলা সমাজ ও কিছু সংখ্যক মুসলমান বুদ্ধিজীবী আশা করেছিলেন যে, কর্তাব্যক্তিরা তিন তালাকের ব্যাপারে কিছুটা উদার ও প্রগতিশীল মনোভাবের পরিচয় দেবেন। তিনবার 'তালাক' বলে গৃহপালিত পশুর মত স্ত্রীকে (কোনরকম খোরপোষ না দিয়েই) ঘর থেকে বিতাড়িত করার মত অমানবিক প্রথার বিরুদ্ধে মুসলিম মহিলা সমাজ অনেকদিন থেকেই প্রতিবাদ জানিয়ে আসছে। কিন্তু ৪২ সদস্য বিশিষ্ট 'এ আই এম পি এল বি'-র কার্যকরী সমিতি বিষয়টা নিয়ে কিছুটা আলোচনা করলেও কোন সিদ্ধান্ত নেওয়া স্থগিত রাখে।

অনেকে ভেবেছিল যে, নিকাহনামার কোন মৌলিক পরিবর্তন না করলেও বোর্ডের কার্যকরী সমিতি নিকাহ নামার সঙ্গে হিদায়াৎ নামা নামে একটা সংশোধনী যুক্ত করবে। কিন্তু কার্যক্ষেত্রে বোর্ড কোন রকম সংশোধনী কার্যকর করা থেকে বিরত থাকে। এ ব্যাপারে মন্তব্য করতে গিয়ে বোর্ডের সদস্য জাফরিয়ার জিলানি বলেন, 'তিন তালাকের প্রথাকে রদ করার কোন উদ্দেশ্য বোর্ডের ছিল না। এ ব্যাপারে বোর্ডের উদ্দেশ্য হল মুসলিম সমাজকে শিক্ষিত করে তোলা।' বোর্ডের আর এক মাননীয়া সদস্যা বেগম ইফতাদার বলেন, নিকাহনামাকে সংশোধন করা বা হিদায়াৎনামা যুক্ত করার কোন উদ্দেশ্যই বোর্ডের ছিল না। তবে এটা ঠিক যে, হিদায়াৎনামা যুক্ত করা হলে তিন তালাকের অপপ্রয়োগ অনেক কম হবে।

এখানে বলে রাখা সঙ্গত হবে যে, ইসলামে বিবাহ একটা সামাজিক চুক্তি মাত্র। বিবাহের আগে এই চুক্তিপত্র লেখা হয়। যাকে নিকাহ্নামা বলে। নিকাহ্নামার মূল বিষয় বস্তু হল দেনমোহর (বা মোহর) নির্ধারণ করা। ইসলামী আইনে শুধু স্বামীরই অধিকার আছে স্ত্রীকে তালাক দেবার। এ ব্যাপারে জনাব এম হিদায়াতুল্লা-র 'প্রিন্সিপল্স্ অফ মহমেডান ল' (ত্রিপাঠী, ১৯৮০, পৃঃ ৩২৪) বলছে, "স্বামী তিনবার 'তালাক' শব্দ উচ্চারণ করলে সঙ্গে সঙ্গে স্থান কাল নির্বিশেষে বিবাহ বিচ্ছেদ হয়ে যাবে এবং সেই মুহূর্ত থেকেই তা কার্যকরী হবে।"

আজকের বিজ্ঞানের যুগে, টেলিফোন মারফৎ স্ত্রীকে 'তালাক' শব্দ শোনালেও সঙ্গে সঙ্গে বিবাহ বিচ্ছেদ হয়ে যায়। শুধু তাই নয়, উপরিউক্ত 'ইসলামিক পার্সোনাল ল' বোর্ডের নিয়ম অনুসারে স্বামী যদি একটি পোস্ট কার্ডে তিনবার তালাক লিখে পাঠায় তবে সেই পোস্ট কার্ড স্ত্রীর হাতে পৌঁছানো মাত্র বিবাহ বিচ্ছেদ হয়ে যাবে।

যাই হোক, এ ব্যাপারে মন্তব্য করতে গিয়ে 'এ আই এম পি এল বি'-র সেক্রেটারি সৈয়দ নিজামুদ্দিন বলেন, 'ভবিষ্যতে নিকাহ্‌নামায় দার-উল-কাজা বা কাজির হস্তক্ষেপ-এর বিধান রাখা যেতে পারে। সে ক্ষেত্রে স্বামী-স্ত্রীর মধ্যে মতানৈক্য হলে কোন একজন কাজিকে মধ্যস্থতাকারী নিযুক্ত করার ব্যবস্থা থাকবে।' তিনি আরও বলেন যে, গুজরাট, অন্ধ্রপ্রদেশ, রাজস্থান, তামিলনাড়ু ও উত্তরপ্রদেশে এবং আরও কিছু রাজ্যে দার-উল-কাজা ইতিমধ্যে চালু করা হয়েছে। তা ছাড়া অনেক রাজ্যে চালু করা হয়েছে তালাক-এ সুন্নৎ, যার ফলে একই সঙ্গে তিনবার তালাক বললে বিবাহ বিচ্ছেদ হবে না। প্রতিমাসে একবার করে তিন মাসে তিনবার তালাক বললে তবেই বিবাহ বিচ্ছেদ হবে। তবে এ সব কথা শুধু মুখের কথা মাত্র এবং কার্যক্ষেত্রে এসবের কোন ভূমিকা নেই বললেই চলে। সৈয়দ নিজামুদ্দিন আরও বলেন যে, শিয়া-সুন্নী ছাড়াও মুসলমানদের মধ্যে নানান দল উপদল রয়েছে। তাই তালাকের মত একটা বিতর্কিত বিষয়ে সিদ্ধান্ত নেওয়া খুবই অসুবিধাজনক।

প্রখ্যাত মুসলমান বুদ্ধিজীবী আসগর আলি ইঞ্জিনিয়ার একটি প্রবন্ধে (Islamic Voice—July, 2004) বলেন, "এই বিশ্বে একমাত্র ইসলামই সর্ব প্রথম নারী জাতিকে পুরুষের সমান অধিকার দিয়েছে এবং কোরান সর্বপ্রথম নারী ও পুরুষের ভেদাভেদকে অস্বীকার করেছে।" প্রত্যেক মুসলমান বুদ্ধিজীবীকেই এইসব কথা বলতে হয়, কারণ তা না হলে তাঁর গর্দানের বিপদ দেখা দেবে। সেই একই কারণে কলকাতার লেখক জনাব রফিকুল্লাহ্ বলেন, 'প্রকৃতপক্ষে নারী জাতিকে মর্যাদাদানই হল হজরৎ মহম্মদের সংস্কারমূলক কর্মগুলির অন্যতম।' কিন্তু যে কেউ ইসলামি শাস্ত্র কিছুটা অধ্যয়ন করলেই দেখতে পাবেন যে, নারী জাতিকে মর্যাদা দানের ব্যাপারে আল্লা ঘোরতর অনিচ্ছুক। কাজেই সেই অনিচ্ছুক আল্লাকে অতিক্রম করে এ কাজে মহম্মদ যে খুবই কম কৃতকার্য হবেন তাতে আর আশ্চর্য কি। মুসলিম সমাজে নারীর স্থান কোথায় তা বুঝতে অসুবিধা হয় না যখন দেখা

যায় যে মুসলিম দেশগুলোতে দুইজন নারীর সাক্ষ্য একজন পুরুষের সাক্ষ্যের সমান হিসাবে আদালতে গ্রাহ্য হয়। কোন নারী ধর্ষিতা হলে দু'জন পুরুষ সাক্ষী উপস্থিত করতে হয়। অন্যথায় সে নারী পরপুরুষগামিনীর অপরাধে অপরাধী সাব্যস্ত হয়। যার শাস্তি হল, কোমর পর্যন্ত মাটিতে পুঁতে দিয়ে পাথর ছুঁড়ে মেরে ফেলা। যে সমাজে মেয়েদের বোরখায় ঢেকে রাখা হয় ও গৃহে অন্তরীণ করে রাখা হয়, সে সমাজে নারীর স্থান কোথায় তা আর বুঝিয়ে বলার দরকার হয় না।

মুসলিম সমাজে নারীজাতি কতখানি সম্মানের আসনে প্রতিষ্ঠিতা তা খুব ভালভাবে ফুটে ওঠে, যখন আল্লা বলেন, 'পুরুষ নারীর কর্তা, কারণ আল্লা এককে অপরের উপর শ্রেষ্ঠত্ব দান করেছেন, আর এ শ্রেষ্ঠত্ব এজন্য যে, পুরুষ নারীর (ভরণপোষণের) জন্য টাকা খরচ করে। কাজেই সাধ্বী নারী লোকচক্ষুর অন্তরালে আনুগত্য ও ইজ্জৎ রক্ষাকারিণী।.....স্ত্রীদের মধ্যে যাদের অবাধ্যতার আশঙ্কা কর প্রথমে তাদের সদুপদেশ দাও, তারপর তাদের শয্যা ত্যাগ কর এবং প্রহার কর' (কোরান ৪/৩৪)।

টাকা খরচ করে একজন পুরুষ অনেক কিছুর ওপরই অধিকার অর্জন করতে পারে, যেমন স্থাবর-অস্থাবর সম্পত্তি, দাসী, রক্ষিতা, বারবণিতা, গৃহপালিত পশু ও অন্যান্য ভোগের সামগ্রী। কাজেই কোরান অনুসারে মুসলিম সমাজে নারীর স্থান এসবের থেকে মর্যাদা সম্পন্ন কিনা তা সুধীজনের বিচার্য। উপরন্তু, বহু বিবাহ ও তিনবার তালাক বলে যে কোন স্ত্রীকে বিতাড়িত করার অধিকার পুরুষের হাতে তুলে দিয়ে ইসলাম নারীকে পুরুষের লালসা চরিতার্থ করার একটি ভোগ্যপণ্যে পর্যবসিত করেছে কিনা, সেটাও সুধীজনের বিচার্য।

এর থেকেও বড় কথা হল, 'এ আই এম পি এল বি'-র পক্ষে ইসলামী বিবাহ আইন পরিবর্তনের অক্ষমতা এটাই প্রমাণ করে যে, নিজেকে যুগোপযোগী করে নেবার ক্ষমতা মুসলিম সমাজের নেই। তাই বলা যেতে পারে, এই কারণেই ইসলাম পৃথিবীর মাটি থেকে লুপ্ত হয়ে যাবে। পক্ষান্তরে হিন্দু বা সনাতন ধর্ম টিকে থাকবে কারণ নিজেকে যুগের উপযুক্ত করে নেবার ক্ষমতা হিন্দু ধর্মের আছে।

পরিশিষ্ট - ৬

মুসলিম সমাজের ক্ষণস্থায়ী বিবাহ

এবছর মে মাসে মহম্মদ জাফের ইয়াকুব হাসান আল জোরানি নামে ৭৩ বছরের বৃদ্ধ এক মুসলমান চোখের অপারেশন করাতে শারজা থেকে অন্ধ্রপ্রদেশের রাজধানী হায়দ্রাবাদে আসে। গত ৭ মে সে হাসিনা বেগম নামে ১৯ বছরের এক কিশোরীকে বিয়ে করে। মাত্র দুদিন পরে সে হাসিনাকে তালাক দিয়ে দেয়। তারপর ২৪ মে সে রুকসানা বেগম নামে ১৬ বছরের আর একটি কিশোরীকে বিয়ে করে। সমস্ত রকমের ভয়ভীতি উপেক্ষা করে হাসিনা থানায় গিয়ে পুলিশকে সব জানায়। ঘণ্টা খানেকের মধ্যে পুলিশ জোরানিকে গ্রেপ্তার করে। সেই সঙ্গে পুলিশ শামসুদ্দিন নামে এক জন দালালকেও গ্রেপ্তার করে। পুলিশ জানতে পারে যে শামসুদ্দিনই হাসিনা ও জোরানির বিয়ের মধ্যস্থতা করেছিল এবং বিয়ের মোহর হিসাবে জোরানি হাসিনার বাবাকে ৪০ হাজার টাকা দিয়েছিল। এখানে বলে রাখা উচিত হবে যে, শারজার বাড়িতে জোরানির ২জন বিবি ও ১১টি ছেলেমেয়ে রয়েছে।

অনুসন্ধানের ফলে পুলিশ জানতে পারে যে, ২৪ মে রুকসানাকে বিয়ে করার কয়েকদিন পর জোরানি তাকেও তালাক দিয়ে তৃতীয়বার একটি কিশোরীকে বিয়ে করে। কিন্তু রুকসানা ও তৃতীয় সেই কিশোরীটি পুলিশকে কিছু না জানানোর ফলে তাদের ব্যাপারে পুলিশের কিছু করা সম্ভব হয়নি। দালাল শামসুদ্দিনকে জেরা করে পুলিশ আরও বেশ কয়েকজন দালালের হদিস পায় এবং তাদেরও গ্রেপ্তার করে। এদের কাছ থেকে পুলিশ জানতে পারে যে, অপরাধ জগতের এক বিরাট চক্র হায়দ্রাবাদে এই রমরমা কারবার চালিয়ে যাচ্ছে। পুলিশ আরও জানতে পারে যে, এর সঙ্গে জড়িত রয়েছে মুসলিম কাজিদের একটি চক্র। এই কাজিরাই শাঁসালো পারিশ্রমিকের বিনিময়ে ধনী আরবদের সঙ্গে নাবালিকা ও কিশোরীদের ইসলামী নিয়ম মতে বিয়েশাদী করিয়ে দেয়। আহম্মদ শরিফ নামে এক কাজিকেও পুলিশ গ্রেপ্তার করে। এই কাজিই হাসিনা ও জোরানির বিয়ে দিয়েছিল। শামসুদ্দিনকে জেরা করে পুলিশ জানতে পারে যে, সে এক প্রধান কাজির সাহায্যকারী মাত্র এবং সেই প্রধান কাজির মোট জনাকুড়ি সাহায্যকারী আছে।

হায়দ্রাবাদের রাজীব গান্ধী আন্তর্জাতিক বিমান বন্দর থেকে শুরু হয় এইসব চক্রের কাজ। দুবাই ও শারজা থেকে ধনী আরবেরা এখানেই এসে নামে এবং

তাদের পিছনে তখনই দালালরা লেগে পড়ে। দরদাম ঠিক হয়। তারপর কাজিদের মাধ্যমে ভারতীয় নাবালিকা ও কিশোরীদের সঙ্গে ধনী আরবদের ক্ষণস্থায়ী বিবাহ বা মুতা সম্পন্ন হয়। এই সব ক্ষণস্থায়ী বিবাহ কয়েকদিন বা বড়জোর কয়েক সপ্তাহ স্থায়ী হয়। পুলিশের অনুমান, প্রতি মাসে হায়দ্রাবাদে এরকম ৩৫ থেকে ৪০টা ক্ষণস্থায়ী বিবাহ হয়। অনেক আরব আবার তার বিয়ে করা বিবিকে দেশে নিয়ে যায় এবং সেখানে তাদের দাসীবৃত্তি করে বাকি জীবনটা কাটাতে হয়। এসব ব্যাপারে মন্তব্য করতে গিয়ে হায়দ্রাবাদ পুলিশের অ্যাডিশনাল কমিশনার এ কে খাঁ বলেন, ''আইনের সাহায্যে এইসব কাজ কারবার বন্ধ করা মুশকিল। আমাদের পক্ষে যা সম্ভব তা হল আরবের ওই সব ধনকুবেরদের ওপর নজর রাখা এবং এভাবে তাদের অন্যায় কাজকর্মকে সীমিত রাখার চেষ্টা করা।'

শ্রী খাঁ সাহেবের উপরিউক্ত মন্তব্যের সারমর্ম হল, ওইসব আরব ধনকুবের ও হতভাগ্য ভারতীয় কিশোরীদের ক্ষণস্থায়ী বিবাহ কোরান এবং ইসলামী আইন বা শরিয়াহ্ অনুসারেই হয়। উপরন্তু ইসলামে পুরুষের বহু বিবাহ স্বীকৃত। তাই সেই দিক দিয়ে পুলিশের কিছু করার থাকে না। শুধু সেই কিশোরী যদি নাবালিকা হয় তবে ভারতীয় দণ্ডবিধি প্রয়োগ করা পুলিশের পক্ষে সম্ভব হয়।

ইসলামে বিবাহ একটি সামাজিক চুক্তি মাত্র। বিবাহের আগে এই চুক্তিপত্র লেখা হয়। যাকে 'নিকাহ্নামা' বলে। নিকাহ্নামার মূল বিষয়বস্তু হল, দেনমোহর (বা মোহর) নির্ধারণ করা। ইসলামী আইনে স্বামীরই অধিকার আছে স্ত্রীকে তালাক দেবার। জনাব এম হিদায়াতুল্লা সাহেবের 'প্রিন্সিপাল্স্ অফ মহামেডান ল' (ত্রিপাঠী, ১৯৮০, ৩২৪ পৃষ্ঠা) বলছে যে, ''স্বামী তিনবার 'তালাক' শব্দ উচ্চারণ করার সঙ্গে সঙ্গে, স্থান-কাল নির্বিশেষে বিবাহ বিচ্ছেদ হয়ে যায় এবং সেই মুহূর্ত থেকেই তা কার্যকরী হয়।'' এব্যাপারে কোরান বলছে, ''তালাক দুবার, পরে তাকে (স্ত্রীকে) নিয়ম অনুযায়ী রাখতে পার অথবা সৎভাবে বিদায় দিতে পারো। অতঃপর সে (স্বামী) যদি তাকে তালাক দেয় তবে সে (স্ত্রী) আর তার জন্য বৈধ হবে না। যে পর্যন্ত অন্য এক ব্যক্তির সঙ্গে তার বিয়ে হচ্ছে। তারপর সে (দ্বিতীয় স্বামী) তাকে যদি তালাক দেয় এবং যদি উভয়ে মনে করে যে তারা আল্লার সীমারেখা রক্ষা করতে সমর্থ হবে তবে তাদের পুনর্মিলনে আর কোন অপরাধ হবে না।'' (ডঃ ওসমান গনী অনুবাদিত কোরান, ২/২২৯-২৩০)।

কাজেই কোরান অনুসারে স্বামীর অধিকার আছে তিনবার তালাক বলে স্ত্রীকে ঘর

থেকে বিদায় করার। সেই অবস্থায় স্বামী সেই তালাক দেওয়া পত্নীকে কিছু টাকা পয়সা দিতে বাধ্য থাকে, যাকে মোহর বলে এবং নিকাহ্‌নামায় এই মোহরের পরিমাণ উল্লেখ করতে হয়। স্বভাবতই কন্যাপক্ষ চায় মোহরের পরিমাণ বাড়িয়ে নিতে এবং বরপক্ষ চায় তা যথাসম্ভব কমিয়ে আনতে। শেষপর্যন্ত মাঝামাঝি কোথাও রফা হয়।

যাই হোক, এ ব্যাপারে লক্ষ্য করার বিষয় হল, যে মুহূর্তে স্বামী তিনবার তালাক বলে স্ত্রীকে তালাক দেবে, সেই মুহূর্তে বিবাহচুক্তি বা নিকাহ্‌নামাও বাতিল হয়ে যাবে। এ নিয়ম শুধু নিকাহ্-র ক্ষেত্রেই প্রযোজ্য। কিন্তু ক্ষণস্থায়ী বিবাহ বা মুতা-র ক্ষেত্রে বিবাহ চুক্তিটাই ক্ষণস্থায়ী এবং কয়েক ঘন্টা, কয়েকদিন বা কয়েক সপ্তাহ পরে বিবাহ চুক্তিটা আপনা থেকেই বাতিল হয়ে যাবে। সেই সঙ্গে হবে বিবাহ বিচ্ছেদ। এবং এজন্য স্বামীর তালাক দেবার আর প্রয়োজন থাকবে না। তবে তারও আগে তালাক চাইলে স্বামীকে প্রথা মাফিক তালাক দিতে হবে।

এই মুতা-র ব্যাপারে কোরান বলছে, "হে বিশ্বাসীগণ, যে সমস্ত উত্তম বস্তু আল্লা তোমাদের জন্য বৈধ করেছেন তা তোমরা অবৈধ করো না, কিন্তু সীমালঙ্ঘন করো না, নিশ্চয়ই আল্লা সীমালঙ্ঘনকারীদের পছন্দ করেন না" (৫।৮৭)। কিন্তু শুধু এই খাপছাড়া আয়াতটি পড়ে বোঝার সাধ্য নেই যে এখানে উত্তম বস্তুই বা কি এবং সেই বৈধ উত্তম বস্তুকে অবৈধ করা এবং সীমা লঙ্ঘন না করার মধ্যে দিয়ে আল্লা কি বলতে চাইছেন। মুসলিম শরীফের ৩২৪৩ নম্বর হাদিসটি পড়লে ব্যাপারটা বোঝা যাবে।

যুদ্ধাভিযান বা জিহাদকালে স্বভাবতই স্ত্রীলোকের অভাবজনিত কারণে আল্লার প্রিয়তম বান্দারা কষ্ট পায়। তাই পরম দয়াময় দয়ালু (রহমানির রহিম) আল্লা উপরিউক্ত আয়াতের মাধ্যমে স্থানীয় রমণীদের সঙ্গে আল্লার বান্দাদের অস্থায়ী বিবাহ সম্পর্ক স্থাপন করা বৈধ করে দিচ্ছেন। কিন্তু যে কোন বিবাহের ক্ষেত্রেই আল্লা মোহর প্রদানকে আবশ্যিক করেছেন। কাজেই এক্ষেত্রেও মোহর না দিয়ে আল্লা তাঁর সীমালঙ্ঘন করতে নিষেধ করছেন। তাই এবার বুঝতে অসুবিধা হয় না যে, উল্লিখিত (৫।৮৭) আয়াতে আল্লা বৈধকর্ম বলতে স্থানীয় মহিলাদের সঙ্গে অস্থায়ী বিবাহ সম্পর্ক স্থাপন করাকে, উত্তম বস্তু বলতে স্থানীয় রমণীদের এবং সীমালঙ্ঘন করা বলতে মোহর না দেওয়াকে বোঝাতে চাইছেন। সময় বিশেষে এক মুষ্ঠি ময়দা, কিছু খেজুর অথবা গায়ের জামাটাও মোহর হিসাবে চলতে পারে। সুতরাং ইসলামের দৃষ্টিতে আরবের ধনকুবের হাসান আল জোরানি

ভারতীয় কিশোরী হাসিনা বেগমের বাবাকে ৪০ হাজার টাকা মোহর দিয়ে হাসিনার সঙ্গে ক্ষণস্থায়ী বিবাহ বন্ধনে আবদ্ধ হয়ে কোন অন্যায় করেনি। বরং সে আল্লা নির্দিষ্ট বৈধ কর্মই করেছে। মেয়েটি নাবালিকা না সাবালিকা, সে ব্যপারে আল্লার কোন নির্দেশ নেই। এ ব্যাপারে স্মরণ করা যেতে পারে যে, নবী হজরত মহম্মদ তাঁর ৫২ বছর বয়সে ৬ বছরের শিশু আয়েষাকে নিকাহ্ করেছিলেন। কিন্তু বর্তমান সভ্য জগতের আইন অনুসারে কেউ কোন নাবালিকাকে বিবাহ করলে সে ধর্ষণের অপরাধে অপরাধী বিবেচিত হবে। আর কোরান নির্দিষ্ট ক্ষণস্থায়ী বিবাহ বিবেচিত হবে পতিতাবৃত্তি হিসাবে।

সুতরাং বুঝতে অসুবিধা হয় না যে, আরবের ধনকুবেরদের হায়দ্রাবাদে এসে ভারতীয় নাবালিকাদের ক্ষণস্থায়ী বিবাহ বা মুতা করা এবং তাদের সঙ্গে ওঠাবসা করা বর্তমান সভ্য সমাজের আইনে নারীত্বের পণ্যায়ন (পতিতাবৃত্তি) এবং যৌন অত্যাচার ছাড়া আর কিছুই নয়। হায়দ্রাবাদে এইসব অপরাধের সূচনা হয় আজ থেকে ১৪ বছর আগে। গত ১৯৯১ সালে ১১ বছর বয়সী আমিনা নামের একটি কিশোরীকে বলপূর্বক আরবের এক ধনকুবের বৃদ্ধের সঙ্গে ক্ষণস্থায়ী বিবাহ দেওয়া হয়। খবরটা জানাজানি হয়ে যাবার ফলে কিছুটা সোরগোলের সৃষ্টি হয় বটে, তবে সেই সোরগোল থেমে গেলে হায়দ্রাবাদের মেয়ে বাজারের ব্যবসা রমরমিয়ে চলতে থাকে। এ ব্যাপারে মন্তব্য করতে দিয়ে কনফেডারেশন অফ ভলান্টারি এজেন্সিজ' নামক একটি সামাজিক সংস্থা (এন জি ও)-র অধিকর্তা জনাব মাঝার হোসেন বলেন, "এইসব (ক্ষণস্থায়ী) বিবাহ ছোট ছোট মেয়েদের পতিতায় পরিণত করছে।"

যে কোন সভ্য সমাজেই ইসলামের ক্ষণস্থায়ী বিবাহ বা মুতা যে পতিতাবৃত্তি অথবা ধর্ষণ বলে গণ্য হবে তাতে কোন সন্দেহ নেই। তবে একজন বয়স্কা মহিলা ও একজন নাবালিকাকে ধর্ষণের মধ্যে অবশ্যই আইনগত প্রভেদ থাকা উচিত। দুঃখের বিষয়, ভারতীয় ফৌজদারি দন্ডবিধির ৩৭৫ ধারায় ধর্ষণের যে সংজ্ঞা দেওয়া আছে তাতে নাবালিকা বা সাবালিকাকে ধর্ষণের মধ্যে কোন পার্থক্য করা হয় নি। অনেকের মতে, নাবালিকা ধর্ষণের মতো অপরাধকে মোকাবিলা করার জন্য আরও আইন ও প্রাণদণ্ডের মতো চরম শাস্তির বিধান থাকা উচিৎ। মানে আইন আরও কঠোর হলে হায়দ্রাবাদের নাবালিকারা আরবের ধনকুবেরদের যৌন স্বেচ্ছাচারিতার হাত থেকে কিছুটা রেহাই পাবে।

